গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা।
www.jdpc.gov.bd

স্মারক নং: ২৪. ০৯.০০০০.০০০.১৬.২২৩.২১/১৪৬ তারিখ: ১৪-০৫-২০২৪ খ্রি:

# নোটিশ

জেডিপিসি'র জামালপুরস্থ সম্মানিত উদ্যোক্তাগণকে জানানো যাচ্ছে যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা অংশিজনের (Stakeholder's) অবহিতকরন সভা আগামী ১৯-০৫-২০২৪ তারিখ রোজ রবিবার সকাল ১১.০০ জেইএসসি জামালপুরে আয়োজন করা হয়েছে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন (Online) এ সৈয়দা ফারহানা কাউনাইন, যুগ্মসচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় ও নির্বাহী পরিচালক, জেডিপিসি।

২। উক্ত মতবিনিময়/অংশিজনের (Stakeholder's) অবহিতকরন সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১৪.০৫.২০২৪
(সীমা বোস অধরা)
পরিচালক (এমআরপি)
ফোন-০২-৯১০১৩০৩

বিতরন:

১। জামালপুরস্থ জেডিপিসি'র উদ্যোক্তাবৃন্দ।

অনুলিপি:

১। জনাব মো: জাহাঙ্গীর আলম, টেকনোলজী রিসার্চ ও ট্রেনিং এক্সিকিউটিভ, জেডিপিসি, ১৪৫ মনিপুরিপাড়া, তেজগাঁও ঢাকা-১২১৫।

২। জনাব মো: আব্দুস ছালাম, পার্সোনাল অফিসার ও প্রশাসনিক কর্মকর্তা (অতি. দায়িত্ব), জেডিপিসি, ১৪৫ মনিপুরিপাড়া, তেজগাঁও, ১২১৫।

৩। সৈয়দ জাকারিয়া, পার্সোনাল অফিসার ও ফোকাল পয়েন্ট, জিআরএস, জেডিপিসি, ১৪৫ মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা- ১২১৫।

৪। জনাব মো: মোফাখ্খারুল ইসলাম, সম্প্রসারণ ও বিপণন সহকারী, জেইএসসি, জামালপুর, নিউ হবিবর রহমান মার্কেট, জামালপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা
www.jdpc.gov.bd

**বিষয়ঃ অংশীজনের অংশগ্রহণ মতবিনিময় সভার রেকর্ড নোটস।**

| | |
|---|---|
| সভাপতি | : সৈয়দা ফারহানা কাউনাইন<br>নির্বাহী পরিচালক, জেডিপিসি<br>বস্ত্র ও পাট মন্ত্রণালয়। |
| স্থান | : জেইএসসি, জামালপুর সদর , জামালপুর। |
| সভার তারিখ ও সময় | : ১৯ মে ২০২৪ খ্রি. সকাল- ১১.০০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : **পরিশিষ্ট-'ক'** |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উদ্যোক্তাদের নিজ নিজ পরিচয় প্রকাশপূর্বক মতামত ও পরামর্শ প্রদানের আহবান জানান। সভাপতি বলেন, পাট থেকে বহুমুখী পাটপণ্য উৎপাদন ও বাজারজাতকরণের মাধ্যমে পাটখাতের নতুন দিগন্ত উম্মোচিত হয়েছে। জেডিপিসিকে পাটপণ্য বহুমুখীকরণের মূল কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে এবং পর্যাক্রমে সকল জেইএসসি'র কার্যক্রম সম্প্রসারণের অব্যহত রয়েছে। সভাপতি উপস্থিত অংশিজকে তাদের অভিযোগ বিষয়ে মতামত প্রদানের জন্য আহবান জানান।

২। মনিটরিং এন্ড এক্সটেনশন এক্সিকিউটিভ জনাব মোঃ মোজাহিদুল ইসলাম বলেন, সারাদেশে জেডিপিসি'র আওতাধীন ০৬টি জেইএসসি'র মাধ্যমে উদ্যোক্তাদের কাঁচামালসহ বিভিন্ন প্রকার সাহায্য প্রদান করে আসছে। এই ধারাবাহিকতায় জেডিপিসির আওতাধীন সকল জেইএসসিতে বহুমুখী পাটপণ্য উৎপাদনের প্রয়োজনীয় বিভিন্ন ধরনের কাঁচামাল পর্যাপ্ত সরবরাহের ব্যবস্তা করা হয়েছে। তিনি উপস্থিত অংশিজনের উদ্দেশ্যে বলেন যে, এই সেবা প্রদানে কোন বত্যয় পরিলক্ষিত হলে অফলাইন/অনলাইন ও অন্যান্য মাধ্যমে জেডিপিসি'র অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কমিটিকে (ফোকাল পয়েন্ট কর্মকর্তা সৈয়দ জাকারিয়া-০১৭১১-৯৭৩৮৪৯) জানানোর জন্য অনুরোধ করেন।

২.০। **দিয়া হস্তশিল্পের** স্বাত্বাধিকারী জনাব রোকন হোসেন বলেন, জেডিপিসি'র আওতাধীন জামালপুর জেইএসসি সেন্টার থেকে কাঁচামাল ক্রয় করে তারা পণ্য উৎপাদন করে থাকে। কিন্তু পর্যাপ্ত ফেব্রিক্স না থাকায় তাদের সমস্যা হচ্ছে তাই জামালপুর জেইএসসিতে পর্যাপ্ত কাঁচামাল মজুত রাখার জন্য তিনি অনুরোধ করেন।

২.১। **সৌরভ হ্যান্ডিক্রাফ্ট**-এর স্বত্বাধিকারী জনাব সৌরভ মন্ডল জানান, জেডিপিসি হলো উদ্যোক্তাদের আস্থার জায়গা। বর্তমানে জেডিপিসি একটি কর্মক্ষম প্রতিষ্ঠান হিসেবে দাঁড়িয়ে আছে এবং কাজের গতিশীলতা অনেক বৃদ্ধি পেয়েছে। যেহেতু জেডিপিসি উদ্যোক্তাদের ভালমন্দ নিয়ে চিন্তা করে, সেহেতু উদ্যোক্তাদের উচিত কাজের প্রতি অতিযত্নবান হয়ে উক্ত প্রতিষ্ঠান-কে সর্বাত্মক সহযোগিতা করা। উদ্যোক্তাদের তৈরি দৃষ্টিনন্দন, রুচিশীল ও আকর্ষনীয় পণ্যের সাথে জেডিপিসি'র ভাবমুর্তির বিষয় জড়িত রয়েছে। তিনি জেডিপিসি'র আওতাধীন জেইএসসি গুলোকে আধুনিক ডিসপ্লে কাম সেল্স সেন্টার হিসেবে গড়ে তোলা আহবান জানান।

২.২। **ভাই-বোন হস্তশিল্প** এর প্রোপ্রাইটর জনাব শামসুন নাহার মুন্নী বলেন, ময়মনসিংহ বিভাগীয় শহর হলেও এই শহরটি জামালপুর জেইএসসি'র আওতাধীন তাই ফেব্রিক্সসহ অন্যান্য উপকরণ জামালপুর সেন্টার থেকে পেলে উদ্যোক্তাদের খরচ ও সময় বেচেঁ যায় এবং উদ্যোক্তারা লাভবান হয়। আর উদ্যোক্তাদের সহায়তা করাই জেডিপিসি'র কাজ। তাই জামালপুর জেইএসসিতে পর্যপ্ত কাঁচামাল মজুদ রাখার অনরোধ জানান।

২.৩।  **ত্রিকন্যা হস্তশিল্পের** স্বত্বাধিকারী বলেন, উদ্যোক্তাদের প্রোডাক্ট সম্পর্কে যথেষ্ট জ্ঞানের অভাব রয়েছে। জেডিপিসি থেকে উদ্যোক্তাদের এডভান্স লেবেলের প্রশিক্ষণ করানোর ব্যবস্থা করা দরকার। তিনি আরো বলেন, ডিজাইনের জন্য স্পেশাল প্রশিক্ষণ ও online প্রশিক্ষণের ব্যবস্থা রাখা দরকার।

২.৪।  জান্নাতুল মাওয়া বলেন, জামালপুরে জেডিপিসি ছাড়া পাটপণ্যের জন্য কোন প্রশিক্ষণ সেন্টার নেই। তাই জামালপুরের জেইএসসিকে একটি অধুনিক প্রশিক্ষণ ও বিক্রয় কেন্দ্র হিসেবে গড়ে তোলার আহবান জানান। তিনি বলেন পণ্য বিক্রয়ের জন্য একটি জায়গা থাকলে উদ্যোক্তাগণ কাজে উৎসাহিত হবেন।

২.৫।  **সোয়াদ হ্যান্ডিক্র্যাফ্টের** এর ব্যবস্থাপনা পরিচালক, জনাব শারমিন ইসলাম রিখি বলেন, বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গাতে জেডিপিসি'র বিক্রয় কেন্দ্র স্থাপনের ব্যবস্থা করা উচিৎ। জামালপুর একটি বাণিজ্যিক শহর তাই সেখানে একটি বহুমুখী পাটপণ্য বিক্রয় ও পদর্শনীর ব্যবস্থা করা জরুরী বলে তিনি মতামত ব্যক্ত করেনঅ

২.৬।  **সুবর্ণা ক্রিয়েশনের** স্বত্বাধিকারী জনাব সুবর্ণা বলেন, বহুমুখী পাটপণ্যে ট্রেন্ড বুঝে এবং শিখে এ ব্যবসায় করতে হয়। তাই তিনি বলেন, জামালপুর জেআএসসিকে আরো আধুনিক মানের বিক্রয় ও পদর্শনী সেন্টার হিসেবে গড়ে তোলার আহবান জানান।

২.৭।  **সীমান্ত কল্যাণ সংস্থার** ব্যবস্থাপনা পরিচালক শামিমা পারভীন বলেন, বাংলাদেশে জুটের উপর রিসার্চ ও একক একটি সেন্টার স্থাপনের এগিয়ে আসা উচিৎ। পাটপণ্যের প্রচার-প্রসারের জন্য সকল দপ্ত/সংস্থার উচিৎ তাদের সকল অনুষ্ঠানে পাটের তৈরী পণ্য উপহার হিসেবে প্রদান করা।

২.৮।  **পাট অধিদপ্তরের পরিদর্শক** জনাব আঃ জলিল বলেন, একজন সাধারণ মানুষকে উদ্যোক্তা হওয়ার সঠিক প্রশিক্ষণের পাশাপাশি বহুমুখী পাটপণ্যের প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র দরকার। জামালপুর জেইএসসিকে একটি আধুনিক প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রের গড়ে তুলতে হবে এবং আরো মেশিন স্থাপন করে উদ্যোক্তা তৈরী করে বহুমুখী পাটপণ্যের প্রসার ঘটাতে হবে।

২.৯।  **জাগরণ হস্তশিল্পের** ব্যবস্থাপনা পরিচালক জনাব শবনম মোস্তারী কাকুলী বলেন, ফেব্রিক্স তৈরির উদ্যোক্তা এবং প্রোডাক্ট তৈরির উদ্যোক্তাদের নিয়ে একটি মতবিনিময় সভার আয়োজন করা দরকার, এতে করে দুই জনেরই সমস্যা ও তা নিরুপনের উপায় খুজে পাওয়া যাবে ।

২.১০।  **সমবায় অধিদপ্তরের কর্মকর্তা** জনাব মোঃ নুলুল ইসলাম বলেন, জামালপুর একটি গুরুত্বপূর্ণ জায়গা এখানে অনেক গুরুত্বপূর্ণ উদ্যোক্তা রয়েছে। জামালপুর জেইএসসিতে কাঁচামালের মজুদ বাড়িয়ে এখানকার উদ্যোক্তাদের বহুমুখী পাটপণ্য তৈরী ও বিপণণের সুযোগ করা উচিৎ। তিনি মতবিনিময় সভার প্রধান অতিথিকে ক্ষুদ্র উদ্যোক্তাদের শেরাই মেশিনের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন।

৩।  **জামালপুর পৌর মেয়র** জনাব সানোয়ার হোনের বলেন, পাট হলো বাংলার অর্থনৈতিক শিকড়। জামালপুরে প্রচুর পাট উৎপন্ন হয় এবং এখানকার উদ্যোক্তারা কোন না কোন ভাবে পাটের সাথে জড়িত। জামালপুরের শহরের অফিস গুলোতে পাটপণ্য ব্যবহারের প্রচার চালাতে হবে। ঢাকায় একটিমাত্র বহুমুখী পাটপণ্যের সেলস সেন্টার আছে। তিনি বলেন, জামালপুরে আরো একটি আউটলেট স্থাপন করার ব্যবস্থা করার জন্য তিনি জাহাঙ্গীর আলম সাহেবকে

অনুরোধ করেন। বহুমুখী পাটপণ্যের প্রচার-প্রচারণা, ব্যবহার বৃদ্ধি পাবে ও উদ্যোক্তাদের বিপণনে সহায়তা করার জন্য মেয়র হিসেবে তিনি সবকিছু করবেন বলে প্রতিশ্রুতি প্রান করে। উদ্যোক্তাদেরকে তাদের নিজেদের পণ্য বিশ্ববাজারের সাথে তাল মিলিয়ে চাহিদা মোতাবেক তৈরি করার জন্য অনুরোধ করেন।

৩.৪। সভাপতি বলেন যে, পাটের ব্যবহার সম্প্রসারণে পাটপণ্যের বহুমুখীকরণে নতুন উদ্যোক্তা তৈরি, নতুন ডিজাইন ও প্রযুক্তি উদ্ভাবন এবং বাজারজাতকরণ কৌশল উন্নয়নের মাধ্যমে পাটপণ্যের ব্যবহার সম্প্রসারণের বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীনে জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার প্রতিষ্ঠিত হয়েছে। জেডিপিসি প্রতিষ্ঠার মাধ্যমে পাটপণ্যের ব্যবহার বৃদ্ধির পাশাপাশি বহুমুখী পাটজাত পণ্যের উদ্ভাবন ও ব্যবহার সম্প্রসারণে গুরুত্বারোপ করেছে। সোনালি আঁশ পাটের সঙ্গে বাংলাদেশের সংস্কৃতি ও ঐতিহ্য নিবিড়ভাবে জড়িয়ে আছে। পরিবেশবান্ধব তন্তু হিসেবে পাটের গুরুত্ব বিবেচনায় দেশীয় ও আন্তর্জাতিক বাজারে পাট ও পাটপণ্যের ব্যবহার বৃদ্ধি এবং প্রাকৃতিক তন্তু হিসেবে সোনালি আঁশের উজ্জ্বল সম্ভাবনা বিশ্বব্যাপী ছড়িয়ে পড়েছে। বহুমুখী পাটজাত পণ্যকে জনপ্রিয় করতে প্রচার-প্রচারণাসহ দেশে ও বিদেশে বিভিন্ন মেলা প্রদর্শনীর আয়োজন করার কাজ চলমান রয়েছে। আর্থিক সীমাবদ্ধতার মধ্যেও জেডিপিসি উদ্যোক্তাদের পাশে আছে এবং ভবিষ্যতেও থাকবে। প্রতিকূল পরিবেশেও বহুমুখী পাটপণ্যের রপ্তানি আয় বৃদ্ধি পাচ্ছে এবং এ বছর আরো বেশি রপ্তানি হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, জেডিপিসি'র আওতাধীন সকল জেইএসসি গুলোতে পর্যাপ্ত জুট-ফেব্রিক্স, জুট-সুতা ও অন্যান্য উপকরণ মজুদ রাখা হবে। সকল উদ্যোক্তাগণ নিজ নিজ নিকটতম সেন্টার থেকে এ গুলো সংগ্রহ করতে পারবেন, প্রয়োজনে কুরিয়ারের মাধ্যমেও পণ্য প্রেরণের ব্যবস্থা করা হবে। কোন মেলা আয়োজনের আগে জেডিপিসি'র ওয়েব সাইটের মাধ্যমে সকলকে জানাতে হবে।

০৪। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৪.১.। সকল জেইএসসিতে পর্যাপ্ত ফেব্রিক্স এ সুতার মজুত রাখতে হবে।

৪.৩। মেলা শুরুর আগে জেডিপিসি'র নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22-08-2024

(সৈয়দা ফারহানা কাউনাইন)
নির্বাহী পরিচালক
ও
যুগ্মসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বহুমুখী পাট শিল্প উদ্যোক্তা সেবা কেন্দ্র (জেইএসসি),জামালপুর

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)

বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

নিউ হবিবর রহমান মার্কেট(তালুকদার মার্কেট সংলগ্ন), বড় মসজিদ রোড, তমালতলা, সদর, জামালপুর-২০০০।

## মতবিনিময় সভার

অংশ গ্রহনকারীদের হাজিরা

স্থানঃ জেইএসসি, জামালপুর কার্যালয় তারিখঃ ১৯-০৫-২০২৪

| ক্রমিক নং | অংশগ্রহনকারীর নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১। | মোঃ ছানোয়ার হোসেন | মেয়র জামালপুর পৌরসভা | | [signature] 19.05.24 |
| ২। | মোঃ জাহাঙ্গীর আলম প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী জেডিপিসি | TRPE, JDPC | 01711440576 | [signature] 19.05.24 |
| ৩। | মোঃ এমদাদুল ইসলাম জীবন কোষাধ্যক্ষ [illegible] | [illegible] | 01779-885555 | [signature] ১৯/০৫/২৪ |
| ৪। | মোঃ মিঃ জলিল পরিচালক পাট অধিদপ্তর, জামালপুর | | | [signature] |
| ৫। | শবনম মোস্তারী | জাগরণ হস্তশিল্প মেলান্দহ, জামালপুর | ০১৭৫৫-৫০৮২২১ | [signature] |
| ৬। | মোহাম্মদ নজরুল ইসলাম | পরিদর্শক জেলা সমবায় কার্যালয় জামালপুর | 01911-737642 | [signature] |
| ৭। | মোঃ [illegible] | [illegible] | 01715887099 | [signature] |

| ক্রমিক নং | অংশগ্রহনকারীর নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ৮। | আঞ্জুমানআরা (ঝুমুর) শহীদ হারুণ সড়ক। | আলাবিনা পার্লার এন্ড ট্রেনিং ইন্সটিটিউট, ও আলাবিনা হস্ত-শিল্প। | ০১৭১৮৮৩৬৮৬০ | [signature] ২০.০৫.২৪ |
| ৯। | নূর মহল সিদ্দিকা মুকুন্দ বাড়ি | লিপির হস্তশিল্প উদ্যোক্তা | ০১৭৬৩৫৫৯৯-৭২ | নূরমহল সিদ্দিকা |
| ১০। | শাহনাজ পারভীন শিল্পী শহীদ হারুন সড়ক | প্রত্যাশা হস্তশিল্প | ০১৯২২-৮৫৯৩৫৫ | শাহনাজ পারভীন |
| ১১। | নিলুফা নিলু মিয়াপাড়া. মিয়াবাড়ী | আবাসসুম হস্তশিল্প | ০১৭০৫-২৭২৫৪১ | নিলু |
| ১২। | আম্বিয়া আক্তার কলেজ রোড সরকার পাড়া, জামালপুর | সীমান্ত হস্তশিল্প | ০১৭৬৫৫০৪৮৬৬ | [signature] |
| ১৩। | সুবর্না, জামালপুর সদর। মারিয়াপুর জামালপুর | সুবর্নাস বিক্রেতা | 01327071946 | সুবর্না |
| ১৪। | দীপা চৌধুরী মুকুন্দবাড়ী, জামালপুর | রূপশ্রী হ্যান্ডিক্রাফট | 01790391727 | [signature] |
| ১৫। | নুপুর রায় মুকুন্দবাড়ী, জামালপুর | আমাদের স্বপ্ন | 01773-783202 | নুপুর রায় |

[signature]
মোঃ জাহাঙ্গীর আলম
প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী
জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

[signature]
Seema Bose Adhara
Director (MRP), JDPC
Ministry of Textiles & Jute

| ক্রমিক নং | অংশগ্রহনকারীর নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| ১৬। | সারমিন ইসলাম লিপি কাচারী পাড়া জামালপুর | আয়াদ হেন্ডিক্রাফ্ট ক্ষুদ্র উদ্যোক্তা | ~~01745300~~ 01745300548 | সারমিন |
| ১৭। | নুসরাত জাহান খানম তারমিন বিলপাড়া, জামালপুর | তারমিন ফ্যাশন অনলাইন পেইজ | 01924549534 | Tarmin. |
| ১৮। | জান্নাতুল ফেরদৌসি পাথালিয়া জামালপুর | আনিকা বিউটি পার্লার এন্ড বুটিকস হাউজ | 01939064263 | জান্নাতুল ফেরদৌসি |
| ১৯। | জান্নাতুল মাওয়া পাথালিয়া জামালপুর | আরোহি হস্তশিল্প | 01879529044 | জান্নাতুল মাওয়া |
| ২০। | কেয়াবলী আক্তার পাথালিয়ার জামালপুর। | ত্রিকোনার হস্তশিল্প | 01611027705 | কেয়াবলী |
| ২১। | শামসুন্নাহার মুন্নী নয়াপাড়া, জামালপুর | জুই বোন এন্টারপ্রাইজ | 01601334579 | [illegible] 19.5.24 |
| ২২। | অপর্না বিশ্বাস মেলান্দহ, জামালপুর | | ~~019202163~~ 01923920532 | অপর্না |
| ২৩। | সৌরভ মন্ডল পিন্টু আর কে মিশন রোড, ময়মনসিংহ, সদর | অন্যান্য-Onnanno | 01768042780 | [illegible] |

মোঃ জাহাঙ্গীর আলম
প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী
জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Seema Bose Adhara
Director (MRP), JDPC
Ministry of Textiles & Jute

| ক্রমিক নং | অংশগ্রহনকারীর নাম ও ঠিকানা | প্রতিষ্ঠানের নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর ও তারিখ |
| --- | --- | --- | --- | --- |
| ২৪। | আকলিমা বেগম<br>রশিদপুর - জামালপুর | লিমা হস্ত শিল্প | ০১৭৯৭৮৫৯৭৮১ | আকলিমা |
| ২৫। | সবুজা<br>কোসেরপট্টি - জামালপুর | | ০১৯৬২৮০৭৫০১ | সবুজা |
| ২৬। | নুরজাহান মেতু<br>রায়া হস্ত<br>বনপাড়া, জামালপুর। | রায়া হস্তশিল্প | 01712-669146 | [illegible] |
| ২৭। | আয়শা আক্তার<br>ইকবালপুর, জামালপুর | | 01920692220 | আয়শা |
| ২৮। | মো: রোকন মিয়া<br>উত্তর মেডিক্যাল পাড়া<br>সদর জামালপুর | | 0189317605? | রোকন |
| ২৯। | মো: মোহাম্মদ আবুল ইসলাম | বস্ত্রটেকসন বস্ত্র কার্যটি, অ্যাসিস্টেন্ট জেইএসসি, জামালপুর | ০১৭১২-৪৭২৭৯৮ | [illegible] |
| ৩০। | খন্দকার রানি আহমেদ | প্রেম জেল জেল প্রস<br>প্রেস এসসি,<br>জামালপুর। | ০১৯৩৬-৩৩১১০৮ | [illegible]<br>২৯।০৬।২৪ |
| ৩১। | রেহেনা | চিনাডুলী কারুশিল্প মাদ্রাসা ইসলামপুর জামালপুর | 01917266495 | রেহেনা |

মোঃ জাহাঙ্গীর আলম
প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী
জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Seema Bose Adhara
Director (MRP), JDPC
Ministry of Textiles & Jute

সুশাসন প্রতিষ্ঠান নিমিত্ত অংশিজনের ( stakeholders) অংশগ্রহণে সভার ছবি।

"সোনালী আঁশের সোনার দেশ, স্মার্ট পাট শিল্পের বাংলাদেশ"
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি)
বস্ত্র ও পাট মন্ত্রণালয়

## বহুমূখী পাটজাত পণ্যের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধির নিমিত্তে

# মতবিনিময় সভা

প্রধান অতিথিঃ জনাব মোহাম্মদ ছানোয়ার হোসেন মেয়র, জামালপুর পৌরসভা।

সভাপতিঃ সৈয়দা ফারহানা কাউনাইন, যুগ্মসচিব ও নির্বাহী পরিচালক, জেডিপিসি।

তারিখ ঃ ১৯ মে, ২০২৪ ইং, সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা
স্থান ঃ বহুমূখী পাটশিল্প উদ্যোক্তা সেবাকেন্দ্র (জেইএসসি), জামালপুর কার্যালয়

আয়োজনে ঃ বহুমূখী পাটশিল্প উদ্যোক্তা সেবাকেন্দ্র (জেইএসসি), জামালপুর







স্থান: জেইএসসি জামালপুর সদর, জামালপুর

তারিখ: ১৯ মে ২০২৪।

মোঃ জাহাঙ্গীর আলম
প্রযুক্তি গবেষণা ও প্রশিক্ষণ নির্বাহী
জেডিপিসি, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Seema Bose Adhara
Director (MRP), JDPC
Ministry of Textiles & Jute